



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণকারী পুলিশ ও নন-পুলিশ কর্মকর্তা/কর্মচারী  
পরিবার সহায়তা তহবিল নীতিমালা

**কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণকারী পুলিশ ও নন-পুলিশ কর্মকর্তা/কর্মচারী  
পরিবার সহায়তা তহবিল নীতিমালা**

**১. ভূমিকা**

মানুষের জানমালের নিরাপত্তা বিধানে এবং দেশের আইন শৃঙ্খলা রক্ষার কাজে বাংলাদেশ পুলিশে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিরলসভাবে কর্তব্য পালন করতে হয়। কর্তব্য পালনকালে বাংলাদেশ পুলিশের কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর পরিবার অভাবনীয় আর্থিক সংকটের সম্মুখীন হয়। তাই কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণকারী পুলিশ ও নন-পুলিশ কর্মকর্তা/কর্মচারীদের পরিবারবর্গের আর্থিক সহায়তা প্রদানকল্পে এই তহবিল গঠন করা হ'ল।

ইহা ২০১৫ সালের ২৯ ডিসেম্বর হতে কার্যকর হবে।

**২. শিরোনাম**

এই তহবিল “কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণকারী পুলিশ ও নন-পুলিশ কর্মকর্তা/কর্মচারী পরিবার সহায়তা তহবিল” নামে অভিহিত হবে।

**৩. উদ্দেশ্য**

যে সকল পুলিশ ও নন-পুলিশ কর্মকর্তা/কর্মচারী কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণ করেন তাঁদের পরিবারবর্গের কল্যাণার্থে তহবিলটি ব্যয়িত হবে। পরিবার বলতে ‘The Bangladesh Police Welfare Fund Rules’ 1992-এর 3(c) তেবর্ণিত “Family” এর সংজ্ঞাকে বুঝাবে।

**৪. তহবিলের সদস্য**

বাংলাদেশ পুলিশে কর্মরত সকল পুলিশ ও নন-পুলিশ কর্মকর্তা/কর্মচারী এই তহবিলের সদস্য বলে গণ্য হবেন।

**৫. তহবিলের সুবিধাভোগী**

বাংলাদেশ পুলিশে কর্মরত পুলিশ ও নন-পুলিশ কর্মকর্তা/কর্মচারী যারা এই তহবিলে চাঁদা প্রদান করেন তাঁদের পরিবারবর্গ এই তহবিলের সুবিধাভোগী হবেন।

**৬. আর্থিক সহায়তা প্রদানের পরিমাণ ও প্রক্রিয়া**

(ক) পরিমাণ

কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ ও নন-পুলিশ কর্মকর্তা/কর্মচারীর পরিবারকে এককালীন আর্থিক অনুদান প্রদানের পরিমাণ হবে নিম্নরূপ :

- |                   |   |                       |
|-------------------|---|-----------------------|
| ১. সভাপতি         | - | অনূর্ধ্ব দশ লক্ষ টাকা |
| ২. পরিচালনা পরিষদ | - | দশ লক্ষ টাকার উর্ধ্ব  |

